



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির আবেদন সংক্রান্ত
বিজ্ঞপ্তি :

তারিখ: ০৩/০৯/২০১৮ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন আগামী ০১ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৯ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ রাত ১২টা পর্যন্ত চলবে। সরকারি হরগঙ্গা কলেজে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সহ প্রার্থীর আবেদন ফরমটি সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জে ১০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ থেকে ১৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। (প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে ১:৩০ ঘটিকার মধ্যে)

এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না তাদের SSC ও HSC পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট

(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর Honours tab এ Admission Guideline অথবা Prospectus (Honours) অপশন থেকে জানা যাবে।

১। আবেদনের সাধারণ যোগ্যতা :

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে যে কোন শাখায় ২০১৫/২০১৬ সালের SSC এবং ২০১৭/২০১৮ সালের HSC পরীক্ষায় আলাদাভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) অন্যান্য শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে SSC ও HSC সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১ এর ক নং শতপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমান কোর্সসমূহ থেকে উত্তীর্ণ i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে।

গ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঘ) ২০১৫/২০১৬ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেড সহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৭/২০১৮ সালের ALevel পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে তবে প্রার্থীদের ভর্তি নির্দেশিকার অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি যোগাযোগ করবে।

ঙ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কতর্ক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকপর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি যোগাযোগ করবে।

অধ্যক্ষ ৩/৯/১৮

সরকারি হরগঙ্গা কলেজ

মুন্সিগঞ্জ

সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ
তারিখ: ০৩/০৯/২০১৮